

# যুগান্তর

## পাবিপ্রবির প্রতি আসনে লড়বেন ২৮ ভর্তিচ্ছু

পরীক্ষা কাল

প্রকাশ : ১৪ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



পাবনা প্রতিনিধি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পাবিপ্রবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা আগামীকাল শুক্রবার। বিশ্ববিদ্যালয়ের ৫টি অনুষদের ২টি ইউনিটে পরীক্ষা হবে। এবারে ৯২০ আসনের জন্য ২৫ হাজার ৭০৫ শিক্ষার্থী আবেদন করেছেন। প্রতি আসনের জন্য লড়ছেন ২৮ জন। ভর্তি পরীক্ষায় দুর্নীতি ও অসদুপায় রোধে ওএমআরের (নৈর্ব্যক্তিক) পাশাপাশি লিখিত পরীক্ষা নেয়া হবে এবং মৌখিক পরীক্ষার সময় লিখিত পরীক্ষার খাতা দেখে পরীক্ষার্থীর হাতের লেখা যাচাই করা হবে। পাবিপ্রবির ভিসি প্রফেসর ড. এম রোস্তম আলী বুধবার ভর্তি পরীক্ষার বিষয়ে যুগান্তরকে এ তথ্য জানান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।